



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
RESERVE BANK OF INDIA

www.rbi.org.in

আরবিআই/২০১১-১২/৫৩৫

ডিবিওডি.ডিআইআর.বিসি. ১০২/১৩.০৩.০০/২০১১-১২

মে ৪, ২০১২

তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ
(আরআরবিগুণি ব্যতীত)

প্রিয় মহাশয়/মহাশয়া

এফসিএনআর(বি) আমানতের উপর সুদের হার

অনুগ্রহ করে এফসিএনআর(বি) একাউন্টে রাখা আমানতের সুদের হারের উপর আমাদের নভেম্বর ২৩, ২০১১ তারিখের সার্কুলার নং.ডিবিওডি.ডিআইআর.বিসি. ৫৯/১৩.০৩.০০/২০১১-১২-এর অনুলিপি ২ দেখুন। বর্তমানে বাজারের অবস্থার পরিপ্রেক্ষিতে, স্থির করা হয়েছে যে পরবর্তী বিজ্ঞপ্তি জারি না হওয়া পর্যন্ত, ভারতে মে ৪, ২০১২ তারিখে কাজের সময়ের অবসান থেকে কার্যকর হবে এফসিএনআর(বি) আমানতের ওপর নিম্নলিখিত সুদের হার:

মেয়াদ কাল	বর্তমান	সংশোধিত
১ বাঁসর থেকে ৩ বাঁসরের কম	লিবর/সোয়াপ প্লাস ১২৫ বেসিস পয়েন্ট	লিবর/সোয়াপ প্লাস ২০০ বেসিস পয়েন্ট
৩-৫ বাঁসর	লিবর/সোয়াপ প্লাস ১২৫ বেসিস পয়েন্ট	লিবর/সোয়াপ প্লাস ৩০০ বেসিস পয়েন্ট

অস্থায়ী হারের আমানতের ওপর সুদ কোনও কারেন্সির ক্ষেত্রে সেই কারেন্সিবেশের সোয়াপ হারের সর্বোচ্চ সীমার মধ্যে দেওয়া হবে/মেয়াদপূর্তি প্লাস ২০০বিসিএস/৩০০ বিসিএস যেখানে যেমন প্রযোজ্য। অস্থায়ী হারের আমানতের ক্ষেত্রে সুদের পুনর্নির্ধারণের সময়সীমা হবে ছয় মাস।

২. এফসিএনআর(বি) আমানত থেকে বিদেশি মুদ্রায় ঋণ দেওয়া যেতে পারে বিদেশি মুদ্রায় (পিসিএফসি) রপ্তানি পূর্ব ক্রেডিট হিসাবে/ বিদেশে রপ্তানি-বিলের (ইবিআর) রিডিঙ্কআউন্ট করে রপ্তানিকারীকে এবং অন্যান্য সংস্থাকে (রপ্তানি সক্ষমতা অর্জন করার জন্য বিদেশি মুদ্রায় মেয়াদি ঋণ পেতে ইচ্ছুক রপ্তানিকারী সমেত) যাদের ঋঁকি রোধের ক্ষমতা আছে অথবা যে সংস্থাগুলির বিনিময় সংক্রান্ত ঋঁকি সামলানোর জন্য ঋঁকি নিয়ন্ত্রণ নীতি আছে।

৩. এই প্রসঙ্গে অন্য সব নির্দেশিকা, সময়ে সময়ে বেগুলির সংশোধন করা হয়েছে, অপরিবর্তিত থাকবে।

৪. মে ৪, ২০১২ তারিখের একটি সংশোধনী নির্দেশিকা ডিবিওডি.নং.ডিআইআর.বিসি.১০১/১৩.০৩.০০/২০১১-১২ সংযোজিত হল।

আপনার বিশ্বস্ত,

(রাজেশ ভার্মা)

মুখ্য মহা প্রবন্ধক



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

RESERVE BANK OF INDIA

www.rbi.org.in

ডিবিওডি.ডিআইআর.বিসি. ১০১/১৩.০৩.০০/২০১১-১২

মে ৪, ২০১২

এফসিএনআর(বি) আমানতের ওপর সুদের হার

ব্যাঙ্কিং রেগুলেশন এক্ট, ১৯৪৯-এর ধারা ৩৫এ দ্বারা প্রদত্ত ক্ষমতা বলে এবং নন-রেসিডেন্ট (অনাবাসী) (এনআরই) একাউন্ট এবং এফসিএনআর(বি) একাউন্ট-এ জমা আমানতের ওপর সুদের হার সংক্রান্ত নভেম্বর ২৩, ২০১১ তারিখের সংশোধিত নির্দেশিকা ডিবিওডি.নং.ডিআইআর.বিসি. ৫৮/১৩.০৩.০০/২০১১-১২ অনুযায়ী ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জন স্বার্থে জরুরী এবং উপযোগী মনে ক'রে এতদ্বারা নির্দেশ দেয় যে ভারতে মে ৪, ২০১২ তারিখে কাজের সময়ের অবসান থেকে কার্যকর হবে এফসিএনআর আমানতের ওপর নিম্নলিখিত সুদের হার:

মেয়াদ কাল	বর্তমান	সংশোধিত
১ বাঁসর থেকে ৩ বাঁসরের কম	লিবর/সোয়াপ প্লাস ১২৫ বেসিস পয়েন্ট	লিবর/সোয়াপ প্লাস ২০০ বেসিস পয়েন্ট
৩-৫ বাঁসর	লিবর/সোয়াপ প্লাস ১২৫ বেসিস পয়েন্ট	লিবর/সোয়াপ প্লাস ৩০০ বেসিস পয়েন্ট

অস্থায়ী হারের আমানতের ওপর সুদ কোনও কারেন্সির ক্ষেত্রে সেই কারেন্সি বিশেষের সোয়াপ হারের সর্বোচ্চ সীমার মধ্যে দেওয়া হবে/মেয়াদপূর্তি প্লাস ২০০ বিপিএস/৩০০ বিপিএস যেখানে যেমন প্রযোজ্য। অস্থায়ী হারের আমানতের ক্ষেত্রে সুদের পুনর্নির্ধারণের সময়সীমা হবে ছয় মাস।

বি. মহাপাত্র
নির্বাহী অধিকর্তা

সম্পর্কিত প্রেস বিজ্ঞপ্তি /বিজ্ঞপ্তি	
মে ৪, ২০১২	বিদেশি মুদ্রার যোগান স্বচ্ছন্দ করার জন্য আরবিআই কর্তৃক পদক্ষেপ গ্রহণ
মে ৪, ২০১২	বিদেশি মুদ্রায় রপ্তানি ঋণের ওপর সুদের হার-এর বিনিয়ন্ত্রণ